# অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন

## মন্ত্রণালয়/বিভাগের নাম-বিআইডব্লিউটিএ

মাসের নামঃ জানুয়ারী/২০২৫

| পূর্ব মাসের অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগ | | মোট অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্রযোগে | অনলাইনে | | | | | |
| ১টি | নাই | ২টি | ৩টি | ২টি | ১টি | <u>পূর্ব মাসের ১টি এবং বর্তমান মাসের ১টি সহ মোট=২টি নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণঃ</u><br>১। ট্রাকিং নম্বর-১৭৯৭৭২০৬১৮০০০১ তারিখঃ ১৪/১২/২০২৪ এর মাধ্যমে জনাব রবিউল খান (মোবাইল নং-০১৭৯৭৭২০৬১৮) কর্তৃক বিআইডব্লিউটিএ'র অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS) আওতায় একটি অভিযোগ দাখিল করা হয়। অভিযোগ পত্রে উল্লেখ করা হয় যে, ধাওয়াপাড়া হতে নাজিরগঞ্জ রুটে নির্ধারিত মূল্যের চেয়ে স্পীডবোট সার্ভিস ভাড়া বেশি আদায় করা হচ্ছে । এ বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য তিনি অনুরোধ করেন। উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে বন্দর ও পরিবহন বিভাগের মতামত এই যে, রাজবাড়ী জেলায় অবস্থিত ধাওয়াপাড়া (জৌকুড়া) নদী বন্দরটি বিআইডব্লিউটিএ'র নবঘোষিত একটি নদী বন্দর। উক্ত বন্দর এলাকায় শুধুমাত্র ধাওয়াপাড়া ফেরী ঘাটটি বিআইডব্লিউটিএ'র নিয়ন্ত্রণে ইজারা দেয়া হয়। ধাওয়াপাড়া স্পীডবোট ঘাটটি রাজবাড়ী জেলা প্রশাসকের দপ্তর হতে "বুটিমহাল" নামে ইজারা দেয়া আছে। এছাড়া সংশ্লিষ্ট বন্দর কর্মকর্তা কর্তৃক আলোচ্য ঘাট/পয়েন্টটি সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, অভিযোগের বিষয়ে কোন প্রমাণক পাওয়া যায়নি। উল্লেখ্য, প্রদর্শিত টিকেটে অতিরিক্ত ভাড়ার মূল্য উল্লেখ নেই। এমতাবস্থায়, গত ২৭/০১/২০২৪ তারিখ অভিযোগটি অনলাইনে নিষ্পত্তি করে নথিজাত করা হলো।<br><br>২। ট্রাকিং নম্বর-১৯১৪১৫৩৮৪২০০১৩ তারিখঃ ২২/০১/২০২৫ এর মাধ্যমে জনাব নাজমুল হোসাইন (মোবাইল নং-০১৯১৪১৫৩৮৪২) কর্তৃক বিআইডব্লিউটিএ'র অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS) আওতায় একটি অভিযোগ দাখিল করা হয়। অভিযোগ পত্রে উল্লেখ করা হয় যে, মেসার্স বিসমিল্লাহ ট্রেডার্স, প্রথম শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান, যার লাইসেন্স নং-২৭৫৫/২০২৩ এর নামে একটি নতুন ড্রেজিং লাইসেন্স করার জন্য সকল কাগজপত্র ড্রেজিং বিভাগের সহকারী পরিচালক(প্রশাসন) জনাব শিরিন আক্তারের নিকট তিনি জমা প্রদান করেন। তার কিছু দিন পর ড্রেজিং লাইসেন্স এর আপডেট সম্পর্কে জনাব শিরিন আক্তারে কাছে জানতে চাইলে তিনি জানান সবকিছু ঠিকঠাক আছে তবে আবেদনকারীর এনআইডি ঝাপসা। তার ৩ (তিন) মাস পরে আবারো আপডেট জানতে চাইলে তিনি একই কথা বলেন। এভাবে তিনি দীর্ঘ সময় অহেতুক তাকে সময়ক্ষেপণ করিয়েছেন । এ বিষয়ে যথার্থ সমাধানের জন্য তিনি অনুরোধ করেন । উল্লিখিত অভিযোগের | নাই |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | প্রেক্ষিতে ড্রেজিং বিভাগের মতামত এই যে, বাঅনৌপ-কর্তৃপক্ষের ড্রেজিং বিভাগের অধীনে কাটার সাকশন ড্রেজারের মালিকানা প্রতিষ্ঠান তালিকাভূক্তি ও নবায়নের জন্য জাতীয় দৈনিক পত্রিকায় এবং ওয়েবসাইটে "Invitation For Enlistment & Renewal Of eligible companies owned by Cutter Suction Dredger" নামে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিসমিল্লাহ ট্রেডার্স নামক প্রতিষ্ঠানটি তালিকাভুক্তি ফরমের মূল্য বাবদ ২০০০/- টাকা কর্তৃপক্ষের হিসাব বিভাগে জমা দিয়ে ফরম সংগ্রহ পূর্বক পূরণ করে ড্রেজিং বিভাগে জমা দেয়। উক্ত জমাকৃত ডকুমেন্টস যাচাই করে দেখা যায় বিসমিল্লাহ ট্রেডার্স এর মালিকানা "এমবি জিহান এন্ড হাসান লোড ড্রেজার-১, এম নম্বর-০১-১৬৪৮৫" ১টি লোড ড্রেজার। কিন্তু ড্রেজিং বিভাগের অধীনে কাটার সাকশন ড্রেজারের মালিকানা প্রতিষ্ঠান তালিকাভুক্ত হয়ে থাকে। বিসমিল্লাহ ট্রেডার্স এর কাটার সাকশন ড্রেজার না থাকায় প্রতিষ্ঠানটি উক্ত তালিকাভূক্তির জন্য বিবেচিত হয়নি। এমতাবস্থায়, ২৮/০১/২০২৪ তারিখ অভিযোগটি অনলাইনে নিষ্পত্তি করা হয় । | |

নামঃ কাজী ওয়াকিল নওয়াজ
পদবীঃ পরিচালক(প্রশাসন ও মানবসম্পদ)
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা(অনিক)
ফোন-০২২২৩৩৮৪৬৩৪
ই-মেইল dadmin@biwta.gov.bd
বিআইডব্লিউটিএ'র হট লাইন-১৬১১৩

মোঃ আহসান হাবীব
সহকারী সমন্বয় কর্মকর্তা
বিভাগীয় মামলা সেল

(নাহিদা বিনতে সাঈদ)
উপ-পরিচালক (মানব সম্পদ)
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

(মোহাম্মদ মিজানুর রহমান)
যুগ্মপরিচালক (মানব সম্পদ)
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

মোঃ কবির হোসেন
অতিরিক্ত পরিচালক
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।